

# বকেয়া ভর্তুকিতে বন্ধ ইবির জিয়া হলের ডাইনিং, দুর্ভোগে শিক্ষার্থীরা

সংগীত কুমার, কন্ট্রিবিউটিং রিপোর্টার,  
ইসলামী বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ০০:১৮, ২৪ জুন ২০২৫



ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শহীদ জিয়াউর রহমান হলের ডাইনিং গত আটদিন ধরে বন্ধ রয়েছে। পাঁচ মাসের ভর্তুকি বাবদ দুই লাখ টাকা বকেয়া থাকায় ডাইনিং ম্যানেজার খাবার সরবরাহ বন্ধ করে দিয়েছেন। ফলে চরম ভোগান্তিতে পড়েছেন হলের আবাসিক শিক্ষার্থীরা।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, সাবেক প্রভোস্টের সময় থেকে ভর্তুকির টাকা পরিশোধ না করায় ম্যানেজার ব্যক্তিগতভাবে ধার করে ডাইনিং চালিয়ে আসছিলেন। বর্তমানে সেই খণ্ডের চাপ সামাল দিতে না পেরে ডাইনিং বন্ধ রাখতে বাধ্য হয়েছেন তিনি।

জিয়া হলের আবাসিক শিক্ষার্থী মোহাম্মদ শরীফ বলেন, “ডাইনিং বন্ধ থাকায় আমাদের বাইরে থেকে খেতে হচ্ছে। এতে আমাদের

অতিরিক্ত টাকা খরচ হচ্ছে এবং মানসিক চাপও বাড়ছে।  
কর্তৃপক্ষের উচিত দ্রুত এই সমস্যার সমাধান করা।”

এ বিষয়ে ডাইনিং ম্যানেজার বলেন, “সাবেক প্রভোস্টের সময়  
থেকে পাঁচ মাসের ভর্তুকি বকেয়া রয়েছে। আমি ধার করে  
এতদিন চালিয়েছি, এখন আর সন্তুষ্ট নয়। বর্তমান প্রভোস্ট  
বলছেন, সাবেক প্রভোস্টের সাথে যোগাযোগ করতে। কিন্তু আমি  
তো ব্যক্তিগতভাবে খণ্ডগ্রস্ত হয়ে পড়েছি।”

সাবেক প্রভোস্ট অধ্যাপক ড. শেখ এ.বি.এম জাকির হোসেন  
বলেন, “নতুন উপাচার্য দায়িত্ব নেওয়ার পর আশ্বাস দিয়েছিলেন  
যে যেকোনো ফাল্ড থেকে এই বকেয়া মিটিয়ে দেওয়া হবে, কিন্তু  
পরে আর তা বাস্তবায়ন হয়নি।”

বর্তমান প্রভোস্ট অধ্যাপক ড. আব্দুল গফুর গাজী বলেন, “আমি  
দায়িত্ব নেওয়ার পর নিয়মিত ভর্তুকি দেওয়ার কথা বলেছি এবং  
উপাচার্য মহোদয়কে বিষয়টি অবহিত করেছি। সিদ্ধান্ত তিনিই  
দেবেন।”